

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
নৌপরিবহন মন্ত্রণালয়
স্থলবন্দর ভবন, এফ-১৯/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.blpa.gov.bd

স্মারক নম্বর: ১৮.১৫.০০০০.০০০.০২০.১৮.০০২৪.১৭.২৬২

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত


সূত্র: ১। নৌপরিবহন মন্ত্রণালয়ের ৩০-০৩-২০২৬ তারিখের ১৮.০০.০০০০.০১৬.৯৯.০০২.২৬.৩৭০ নং স্মারক

২। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ০৭-০৪-২০২৬ তারিখের ১৮.১৫.০০০০.০০০.০২০.১৮.০০.১৬.২২.২১৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত নির্দেশনা মোতাবেক সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে সূত্রোক্ত (১) নং স্মারকের নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য সূত্রোক্ত (২) নং স্মারকে অনুরোধ করা হয়:

- প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান করতে হবে। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রেও উক্ত সময়সীমা যাতে বিঘ্নিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে;
- দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহারে সশ্রয়ী হতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
- অফিস চলাকালীন শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক সাইট, ফ্যান, এয়ার কন্ডিশনার ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
- এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
- অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
- সরকারি নির্দেশনা ব্যতিরেকে আলোকসজ্জা পরিহার করতে হবে;
- জ্বালানি ব্যবহারে সশ্রয়ী হতে হবে,
- অফিস কক্ষ, করিডোর, টয়লেট, সিঁড়ি, সিঁড়ির হাতল ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে

এমতাবস্থায়, সরকারি নির্দেশনা অনুযায়ী উপরে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।



২৬-০৪-২০২৬

শহিদুল ইসলাম

উপসচিব, পরিচালক (প্রশাসন)

ইমেইল : directoradmin@blpa.gov.bd

বিতরণ:

- ১। পরিচালক (ট্রাফিক/হিসাব/অডিট), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
- ২। পরিচালক (ট্রাফিক), বেনাপোল স্থলবন্দর, বেনাপোল যশোর।।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ৪। পরিচালক (বোর্ড), চলতি দায়িত্ব, বোর্ড শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ৫। উপ-পরিচালক(ট্রাফিক), ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা।
- ৬। কর্মকর্তা (সকল), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
- ৭। সকল বন্দর ইনচার্জ, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের আওতাধীন স্থলবন্দরসমূহ।
- ৮। সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ (কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ৯। কর্মচারী (সকল), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।

স্মারক নম্বর: ১৮.১৫.০০০০.০০০.০২০.১৮.০০২৪.১৭.২৬২/১ (২)

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। সদস্য (অর্থ ও প্রশাসন/উন্নয়ন/ট্রাফিক), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা। এবং
- ২। একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৭-০৪-২০২৬

শহিদুল ইসলাম

উপসচিব, পরিচালক (প্রশাসন)